গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
Website: www.dnc.gov.bd

**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর কর্মসম্পাদন সূচক ১.১ অনুযায়ী নৈতিকতা কমিটির ৪র্থ সভার কার্যবিবরণীঃ**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: আবদুল ওয়াহাব ভূঞা<br>মহাপরিচালক |
| সভার তারিখ ও সময় | : | ১৫ মে, ২০২৩; সকাল ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | : | অধিদপ্তরের সম্মেলন কক্ষ |
| সভায় উপস্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট-''ক'' দ্রষ্টব্য |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন) জানান, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর কর্মসম্পাদন সূচক ১.১ অনুযায়ী প্রতি ত্রৈমাসিকে একটি করে নৈতিকতা কমিটির সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে।

০২। পরিচালক (প্রশাসন) আরো জানান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের শুদ্ধাচার প্রতিষ্ঠার অন্তরায় এবং তা দূরীকরণে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদী কর্মপরিকল্পনা গ্রহণপূর্বক সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হয়েছে। গৃহীত কর্মপরিকল্পনা অনুযায়ী স্বল্পমেয়াদী বাস্তবায়ন অগ্রগতি তিনি নিম্নবর্ণিতভাবে উপস্থাপন করেন :

| ক্রম | কার্যক্রমের বিবরণ/ অন্তরায় | স্বল্প মেয়াদী (১ বছর) | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ২.১ | সকল মাদকাসক্তি নিরাময় কেন্দ্র CCTV এর আওতায় না থাকা। | ৭০% মাদকাসক্তি নিরাময় কেন্দ্র CCTV এর আওতাভুক্ত করা। | • সরকারী মাদকাসক্তি নিরাময় কেন্দ্র ৪টির মধ্যে ৩টি কেন্দ্র CCTV এর আওতাভুক্ত (রাজশাহী বিভাগের সরকারী নিরাময় কেন্দ্রটি CCTV এর আওতাভুক্ত নয়)।<br>• বেসরকারী মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের মোট ৩৫৬টির মধ্যে ৩৩৪টি কেন্দ্র CCTV এর আওতাভুক্ত।<br>• সামগ্রিকভাবে ৯৩.৮২% মাদকাসক্তি নিরাময় কেন্দ্র CCTV এর আওতাভুক্ত আছে। |
| ২.২ | বেসরকারি নিরাময় কেন্দ্রগুলোতে সার্বক্ষণিক ডাক্তার, সাইকিয়াটিস্ট এর স্বল্পতা | ২টি কেন্দ্রে সার্বক্ষণিক ডাক্তার, সাইকিয়াটিস্ট এর উপস্থিতি নিশ্চিতকরণ। | বিকন পয়েন্ট এবং আহসানিয়া মিশন নামীয় ২টি বেসরকারি নিরাময় কেন্দ্রে সার্বক্ষণিক ডাক্তার, সাইকিয়াটিস্ট এর উপস্থিতি নিশ্চিত করা হয়েছে। |
| ২.৩ | মাদকাসক্ত সনাক্তকরণ (ডোপ টেস্ট) পরীক্ষার সংখ্যা বৃদ্ধিকরণ | ৪০০ জন। | ২০২২-২০২৩ অর্থবছরে (জুলাই/২২-এপ্রিল/২৩ পর্যন্ত) মোট ৩,৪৮৪ জনের মাদকাসক্ত সনাক্তকরণ (ডোপ টেস্ট) পরীক্ষা সম্পন্ন করা হয়েছে। |
| ২.৪ | বিভাগীয় ও জেলা কার্যালয়গুলোতে আইটি বিষয়ে প্রশিক্ষণ প্রদান | ১৫০ জন। | ২০২২-২০২৩ অর্থবছরে (জুলাই/২২-এপ্রিল/২৩ পর্যন্ত) অধিদপ্তরের প্রধান কার্যালয়ে মোট ৬০ জনকে আইটি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। জুন/২০২৩ এর ১ম সপ্তাহের মধ্যে অবশিষ্ট ৯০ জনকে প্রশিক্ষণ প্রদান নিশ্চিত করা হবে। |

০৩। পরিচালক (প্রশাসন) ২৭ ফেব্রুয়ারি, ২০২৩ তারিখ অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ৩য় সভায় গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতি নিম্নবর্ণিতভাবে উপস্থাপন করেন :

| ক্রম | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ৩.১ | ক) অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারী ও অংশীজনের চলাচলের সুবিধার্থে প্রধান কার্যালয় ভবনের সিঁড়ি পথে নির্দেশক হিসেবে স্টিকার (যেমন: ১ম তলা, ২য় তলা, ৩য় তলা ... ইত্যাদি) লাগাতে হবে। | ক) কর্মকর্তা-কর্মচারী ও অংশীজনের চলাচলের সুবিধার্থে প্রধান কার্যালয় ভবনের সিঁড়ি পথে ১৭/০৩/২০২৩ তারিখ নির্দেশক হিসেবে স্টিকার (যেমন: ১ম তলা, ২য় তলা, ৩য় তলা ... ইত্যাদি) লাগানো হয়েছে। |

| ক্রম | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| | খ) প্রধান কার্যালয় ভবনের ৪র্থ তলায় (লেভেল-৩) 'নৈতিকতা কফি কর্নার' নামে একটি কফি কর্নার স্থাপন করতে হবে। এ লক্ষ্যে সেখানে একটি রেজিস্টার ও একটি বক্স সংরক্ষণ করতে হবে। রেজিস্টারে নিজ নিজ নাম লিপিবদ্ধ করে ১০ টাকার বিনিময়ে যে কোন ব্যক্তি কফি পান করতে পারবেন। | খ) সিদ্ধান্ত মোতাবেক প্রধান কার্যালয় ভবনের ৪র্থ তলায় (লেভেল-৩) 'নৈতিকতা কফি কর্নার' নামে একটি কফি কর্নার স্থাপন করা হয়েছে। অধিদপ্তরের মহাপরিচালক মহোদয় গত ১৭/০৩/২০২৩ তারিখ অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের উপস্থিতিতে উক্ত কফি কর্নার উদ্বোধন করেন। |
| ৩.২ | ২৭/১২/২০২২ তারিখ প্রধান কার্যালয়ের ৪র্থ তলায় (লেভেল-৩) স্থাপনকৃত ফার্স্টএইড বক্স সহকারী পরিচালক (কমন সার্ভিস) এর দায়িত্বে থাকবে। তিনি এর সার্বিক কার্যক্রম তদারকী করবেন। | গত ২৭/১২/২০২২ তারিখ প্রধান কার্যালয়ের ৪র্থ তলায় (লেভেল-৩) ০১টি ফার্স্টএইড বক্স স্থাপন করা হয়েছে। প্রশাসন অধিশাখার ০৬ মার্চ, ২০২৩ তারিখের ৬৯৭ সংখ্যক পত্রমূলে সহকারী পরিচালক (কমন সার্ভিস)-কে উক্ত ফার্স্টএইড বক্স এর সার্বিক কার্যক্রম তদারকী করার জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নির্ধারণ করা হয়েছে। |
| ৩.৩ | ২০২২-২৩ অর্থ বছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের সংশোধিত ক্রয়-পরিকল্পনা ৩০/০৪/২০২৩ তারিখের মধ্যে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ২০২২-২৩ অর্থ বছরের সংশোধিত ক্রয় পরিকল্পনা প্রণয়নপূর্বক গত ২৪ জুলাই, ২০২২ তারিখ অধিদপ্তরের ওয়েবসাটে প্রকাশ করা হয়েছে। |

০৪। অত:পর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৪.১ | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা এবং প্রাতিষ্ঠানিক গণশুনানী নির্ধারিত সময়ের মধ্যে ভিন্ন ভিন্ন তারিখে আয়োজন করার বিষয়ে আলোচনা হয়। | ৪র্থ কোয়ার্টারে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা এবং প্রাতিষ্ঠানিক গণশুনানী নির্ধারিত সময়ের মধ্যে আয়োজন করতে হবে। তবে দু'টি সভা ভিন্ন ভিন্ন তারিখে আয়োজন করতে হবে। | পরিচালক (প্রশাসন)/ সহকারী পরিচালক (কমন সার্ভিস) |
| ৪.২ | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের চলমান ''ঢাকা কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র সম্প্রসারণ ও আধুনিকীকরণ'' শীর্ষক প্রকল্পের ৩য় PIC সভা আগামী ৩০/০৬/২০২৩ তারিখের মধ্যে আয়োজনের বিষয়ে আলোচনা হয়। | ''ঢাকা কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র সম্প্রসারণ ও আধুনিকীকরণ'' শীর্ষক প্রকল্পের ৩য় PIC সভা আগামী ৩০/০৬/২০২৩ তারিখের মধ্যে আয়োজন করতে হবে। | প্রকল্প পরিচালক/ উপপরিচালক (ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন) |

০৫। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৮/৫/২০২৩

(মো: আবদুল ওয়াহাব ভূঞা)
মহাপরিচালক (গ্রেড-১)।

নং-৫৮.০২.০০০০.০০৫.০০.০০৭.২১-১৫৫৬

তারিখ: ০২ জ্যৈষ্ঠ, ১৪৩০
১৬ মে, ২০২৩

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: অতিরিক্ত সচিব, অগ্নি অনুবিভাগ)।
২। পরিচালক (প্রশাসন/অপারেশনস্/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা।
৩। চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
৪। প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা।
৫। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ/গোয়েন্দা শাখা, প্রধান কার্যালয়, ঢাকা।
৬। উপপরিচালক (..............................), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন, ............................।

৭। বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৮। সহকারী প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯। সহকারী পরিচালক (..............................), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন, ..........................।
১০। স্টাফ অফিসার টু ডিজি (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। অফিস কপি।

(দীপজয় খীসা)
সহকারী পরিচালক (প্রশাসন)